

## রামপাল বিরোধি আন্দোলনকারী ও গণমাধ্যমকর্মীর উপর হামলা হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)-এর নিন্দা ও উদ্বেগ

গত ২৬ জানুয়ারি ২০১৭ তেল-গ্যাস, খনিজ সম্পদ ও বিদ্যুৎ বন্দর রক্ষা জাতীয় কমিটির ডাকা অর্ধদিবস হরতাল কর্মসূচি পালনরত আন্দোলনকারীদের উপর পুলিশের হামলা, সংবাদ সংগ্রহের সময় পুলিশের লাঠিপেটায় দুই গণমাধ্যমকর্মীর হেনস্তা ও আহত হওয়ার ঘটনায় তীব্র নিন্দা জানাচ্ছে হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ। পাশাপাশি সাম্প্রতিককালে এ ধরনের ঘটনার পুনরারবৃদ্ধি সংবিধানসম্মতভাবে মতপ্রকাশ ও গণমাধ্যমের স্বাধীনতার ক্ষেত্র সংকুচিত করে তুলছে বিষয় ফোরাম গভীর উদ্বেগ প্রকাশ করছে।

গণমাধ্যম সূত্রে জানা যায়, রাজধানীর শাহবাগে ২৬ জানুয়ারি হরতালের সংবাদ সংগ্রহের সময় বেলা একটার দিকে পুলিশ বাহিনীর সদস্যরা তেল-গ্যাস, খনিজ সম্পদ ও বিদ্যুৎ-বন্দর রক্ষা জাতীয় কমিটির কর্মীদের ওপর বেপরোয়া হামলা চালিয়ে একজনকে আটক করে শাহবাগ থানায় নিয়ে যাচ্ছিলেন। এ সময় বেসরকারি টিভি চ্যানেল এটিএন নিউজের ক্যামেরাম্যান আব্দুল আলিম সংবাদের জন্য ছবি ও ভিডিও নেওয়ার চেষ্টা করলে পুলিশ তাঁর ওপর অতর্কিত হামলা চালায়। তখন এটিএন নিউজের প্রতিবেদক কাজী এহসান বিন দিদার তাঁকে উদ্ধার করতে এগিয়ে গেলে পুলিশ সদস্যরা দুজনকেই মাটিতে ফেলে লাথি মারে ও লাঠি দিয়ে পেটায়। গুরুতর আহত সাংবাদিক দুজনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আমরা মনে করি, সাধারণ নাগরিকের সাংবিধানিক অধিকার চর্চা ও পেশাগত দায়িত্ব পালনকালে গণমাধ্যমকর্মীদের উপর আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য কর্তৃক এমন হামলা নাগরিকের মৌলিক অধিকার ও গণমাধ্যমের স্বাধীনতার উপর সরাসরি আঘাত যা একবারেই অগ্রহণযোগ্য। আমরা এ ঘটনার তীব্র নিন্দা জানানোর পাশাপাশি এর সাথে সংশ্লিষ্টদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা নেয়ার দাবী জানাই।

---

### Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

### Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mohila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagorik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)